দৈনিক
ইত্তেফাক

11 JAN 2017

# ছেলেমেয়েদের হাতে ভুল বই দেবেন না

রাহাত রাব্বানী




মানুষ ভুলের উর্ধ্বে নয়। তবে কিছু কিছু ভুল সত্যি খুব লজ্জার। গত পহেলা জানুয়ারি বই উৎসব পালন এবং ছাত্রছাত্রীদের মধ্যে বই বিতরণের পর পরই শুরু হয় পাঠ্যপুস্তকে নানা ভুল নিয়ে সমালোচনা।

পাঠ্যপুস্তক যাঁরা প্রণয়ন করেছেন তাঁরা যথেষ্ট যোগ্য বলেই তাঁদের দেওয়া হয়েছে লাখ লাখ শিক্ষার্থীর ভবিষ্যৎ গড়বার হাতিয়ার। কিন্তু তাঁদের সামান্য ভুল যে কতটা মারাত্মক তা কি তাঁরা ভেবে দেখেছেন? শিক্ষার্থীরা তোতাপাখির মতো মুখস্থ করবে এই ভুলগুলো। জানবে না বা জানার চেষ্টা করবে না কোনটা শুদ্ধ। বিশেষ করে বিখ্যাত কোনো কবিতার মধ্যে পরিবর্তন আনা কোনোভাবেই গ্রহণীয় নয়। যা 'আদর্শ ছেলে' কবিতায় করা হয়েছে।

পাঠ্যপুস্তক ছাত্রছাত্রীদের হাতে তুলে দেওয়ার আগে শিক্ষাবিদগণ এবং শীর্ষস্থানীয়রা বইগুলো দেখেছেন এবং তাঁদের অনুমতিক্রমে বইগুলো ছাপানো হয়। এখন এই ক্ষতির মাশুল দেবে কে?

পরিশেষে, পাঠ্যপুস্তক বোর্ডের কাছে বিনীত অনুরোধ জানাচ্ছি—দয়া করে ভুল বই আমাদের ছেলেমেয়ের হাতে দেবেন না। এতে অন্তত ক্ষতি থেকে তারা মুক্তি পাবে। আর পাঠ্যপুস্তক ছাত্রছাত্রীদের হাতে দেওয়ার আগেই ভালো করে যাচাই করুন, বইটিতে বিশেষ কোনো ভুল আছে কি না।

**মাইলস্টোন কলেজ, ঢাকা**